

রাবিতে ছাত্র জোটের মিছিলে পুলিশের লাঠিচার্জ

রাবি প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অত্রধারী ছাত্রসীমার ক্যাডারদের আটক না করা হলেও বুধবার রাজশাহী বিশ্ববিদ্যালয়ে প্রগতিশীল ছাত্রজোটের নেতাকর্মীদের মিছিলে পুলিশ হানসা চালিয়ে ৫ নেতাকর্মীকে আটক করে। পুলিশের হানসায় আহত হন আট নেতাকর্মী। বাক্যবিত্তে বর্ধিত ভর্তি ফি প্রত্যাহারের মাধ্যমে আন্দোলনরত ছাত্রসীমার নেতাদের ওপর ছাত্রসীমার হানসার প্রতিবাদে বুধবার ক্যাম্পাসে এ ঘটনা ঘটে। জানা যায়, দুপুর নাগে ১২টায় প্রধান সড়ক ও ভবন প্রদক্ষিণ শেষে মিছিলটি যখন প্রশাসন ভবনের দিকে যাচ্ছিল এ সময় পুলিশ কড়া কটাকাটের একপর্যায়ে প্রগতিশীল ছাত্রজোটের নেতাকর্মীদের ওপর ব্যাপক লাঠিচার্জ করে। পরে সেখান থেকে ৫ জনকে আটক করে ধানায় নিয়ে যায়।

আটকৃতরা হলেন বাংলাদেশ সমাজতান্ত্রিক দল (বামদ) রাজশাহী জেলা শাখার সদস্য সচিব দেবাশীষ রায়, সমাজতান্ত্রিক ছাত্রসীমার বিশ্ববিদ্যালয় আহ্বায়ক সোহরাব হোসেন (নারকেটিং), সাদেকুল ইসলাম (ইংরেজি), আশ্বখীর হোসেন সুলতান (মুর্শিদাবাদ), বিশ্ববিদ্যালয় ছাত্র ফেডারেশনের সাধারণ সম্পাদক উৎসব মোসাদ্দেক (সমন্বয়কর্ম)।

আটকৃতরা সবাই পুলিশের লাঠিচার্জে আহত হন। অন্য তিনজন হলেন ক্যাম্পাসের সাবক সচিব সাজিত হোসেন, সৌফিকুর রহমান। বিশ্ববিদ্যালয় শাখা ছাত্র ইউনিয়নের সভাপতি শিপন আহমদ আনান, ছাত্রসীমার অত্রধারী সহসীমার ক্যাম্পাসে এখনও পুলিশের সামনে ঘুরে বেড়াচ্ছে অধচ আমরা কেন্দ্রীয় কর্তৃপক্ষের অংশ হিসেবে ক্যাম্পাসে শান্তিপূর্ণ মিছিল বের করলে পুলিশ আমাদের ওপর ব্যাপক লাঠিচার্জ : পৃষ্ঠা ১৪ : কলাম ৩



রাজশাহী বিশ্ববিদ্যালয়ে প্রগতিশীল ছাত্রজোটের এক নেতাকে এভাবেই পেটোচ্ছে পুলিশ

লাঠিচার্জ : পুলিশের (১ম পৃষ্ঠার পর)

লাঠিচার্জ করে এবং ৫ জনকে আটক করে ধানায় নিয়ে যায়। সমাজতান্ত্রিক ছাত্রসীমার বিশ্ববিদ্যালয় শাখার সাবক সাধারণ সম্পাদক পরব ভট্টাচার্য্য বলেন, আমাদের ওপর পুলিশের নোয়া হানসার প্রতিবাদ জানাই। পুলিশের হানসার পর আমরা বিশ্ববিদ্যালয় প্রটোর সঙ্গে দেখা করি। তিনি ক্যাম্পাসে মিছিল মিটিং নিষিদ্ধ রয়েছে কাগজপত্র বের করে দেখান। তিনি আরও বলেন, বিশ্ববিদ্যালয় প্রশাসনের নগে পুলিশ এরকম হানসা চালিয়েছে।

এ ব্যাপারে অভিযায় ধানার ভারপ্রাপ্ত কর্তৃকর্তা (ওসি) আনিছুর রহমান সাংবাদিকদের জানান, ক্যাম্পাসে নিরাপত্তার স্বার্থে সব সংগঠনের মিছিল মিটিং নিষিদ্ধ রয়েছে। ছাত্রজোটের নেতাকর্মীরা বুধবার ক্যাম্পাসে মিছিল বের করলে পুলিশ জিজ্ঞাসাবাদের জন্য ৫ নেতাকর্মীকে আটক করে ধানায় নিয়ে আসা হয়।